গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেলপথ মন্ত্রণালয়
প্রশাসন-৬ (রেল অপারেশন) অধিশাখা
www.mor.gov.bd

**বিষয়: ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে চলাচলকারী বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮নং এক্সপ্রেস ট্রেনে (সোনার বাংলা)-এ বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) কর্তৃক ক্যাটারিং সার্ভিস চলমান রাখার বিষয়ে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব জালাল উদ্দিন আহম্মেদ<br>যুগ্ম-সচিব, রেলপথ মন্ত্রণালয়। |
| তারিখ | : | ১৭ জুলাই, ২০২২ |
| সময় | : | সকাল ১১:০০ ঘটিকা |
| সভার স্থান | : | সভাকক্ষ (কক্ষ নং-৯৩০), রেলপথ মন্ত্রণালয়ের |

**সভার উপস্থিতি:**

উপস্থিতির তালিকা পরিশিষ্ট 'ক'-তে সংযুক্ত করা হলো।

০২। **প্রারম্ভিক আলোচনা**

২.১ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে চলাচলকারী বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮নং এক্সপ্রেস ট্রেনে (সোনার বাংলা)-এ বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) কর্তৃক ক্যাটারিং সার্ভিস চলমান রাখার বিষয়ে আজকের এই সভা আহবান করা হয়েছে। অত:পর তিনি যুগ্মসচিব (প্রশাসন-২)-কে সভার আলোচ্যসূচি উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

২.২ যুগ্মসচিব (প্রশাসন-২) বিষয়টি সভায় উপস্থাপনের জন্য অনুরোধ করলে উপসচিব জনাব আলমগীর হুসাইন জানান, ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে চলাচলকারী বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮নং এক্সপ্রেস ট্রেনে (সোনার বাংলা)-এ বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) কর্তৃক ক্যাটারিং সার্ভিস পরিচালনার জন্য বাংলাদেশ রেলওয়ে ও বাংলাদেশ পর্যটন করপোরেশন এর মধ্যে ০১/১১/২০১৭ তারিখ সমঝোতা স্মারক (MOU) স্বাক্ষরিত হয়। এই সমঝোতা স্মারক ২৫/০৬/২০১৬ তারিখ হতে কার্যকর হয়। ২৪ জুন ২০২০ তারিখে সমঝোতা স্মারকের মেয়াদ অতিক্রান্ত হওয়ায় চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন করপোরেশন ০২/০৯/২০২০ তারিখ নতুন করে একটি সমঝোতা স্মারকের জন্য অনুরোধ জানান। পরবর্তীতে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় এর সিনিয়র সচিব মহোদয় ০৪/০১/২০২১ তারিখ সমঝোতা স্মারকটির মেয়াদ বৃদ্ধির জন্য রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়কে আধা-সরকারি পত্র প্রেরণ করেন। তিনি জানান রেলপথ মন্ত্রণালয়ের সচিব মহোদয়ের সভাপতিত্বে ০৭/০২/২০২১ তারিখ এই বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্তঅনুযায়ী ক্যাটারিং সার্ভিস চলমান রাখার বিষয়ে পর্যালোচনা করে ৩০ মার্চ ২০২১ তারিখের মধ্যে সুপারিশসহ প্রতিবেদন দাখিলের জন্য ১৫/০২/২০২১ তারিখ অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয়কে আহবায়ক করে ৭ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। উক্ত কমিটি ১৬/০৩/২০২১ তারিখ একটি সভার আয়োজন করেন। উক্ত সভার সিদ্ধান্তসমূহ নিম্নরূপ:

- সোনার বাংলা ট্রেনে টিকিটের সাথে পর্যটনের খাদ্য সরবরাহ প্রসঙ্গে: (১) টিকিটের সাথে পর্যটন করপোরেশনের খাবার সরবরাহ বাধ্যতামূলক না করে যাত্রী সাধারণের জন্য পছন্দক্রমের সুযোগ সৃষ্টি করা যেতে পারে। সেক্ষেত্রে, যে সকল যাত্রী খাদ্য গ্রহণে সম্মত থাকবেন তাদের টিকিটের সাথে খাদ্যমূল্য যোগ করে টিকিটের মূল্য গ্রহণ করা

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

যেতে পারে; এবং (২) ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে চলাচলকারী একই মানের সুবর্ণ এক্সপ্রেসের ন্যায় বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনে ক্যাটারিং সার্ভিস পরিচালনা।

- লাইসেন্স ফি/লীজমানি পরিশোধ: বাংলাদেশ পর্যটন করপোরেশন কর্তৃক সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনে খাদ্য সরবরাহের বিষয়টি নির্ধারিত হওয়ার পর লাইসেন্স ফি এর বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা যেতে পারে।

- সময়সীমা বৃদ্ধি: ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে চলাচলকারী বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮নং এক্সপ্রেস ট্রেন (সোনার বাংলা)-এ বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) কর্তৃক ক্যাটারিং সার্ভিস চলমান রাখার বিষয়ে পর্যালোচনার জন্য গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিলের সময়সীমা ৩০ মার্চ, ২০২১ তারিখের মধ্যে সুপারিশ চুড়ান্ত করা সম্ভব নয় মর্মে প্রতিয়মান হওয়ায় সময়সীমা আরো ১৫ (পনের) দিন বৃদ্ধির জন্য যথাযথ কর্তৃপক্ষ-কে অনুরোধ করতে হবে।

উক্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী নির্ধারিত প্রতিবেদন দাখিলের সময়সীমা আরও ১৫ কার্যদিবস বৃদ্ধি করার জন্য সিদ্ধান্ত গ্রহণ করা হয়। ৩১/০৩/২০২১ তারিখের ১১২ নং পত্রে সময়সীমা আরো ১৫ কর্ম দিবস বৃদ্ধি করা হয়। কমিটি কর্তৃক পরবর্তীতে কোন প্রতিবেদন দাখিল করা হয়নি। কমিটির আহবায়ক অতিরিক্ত সচিব (প্রশাসন) মহোদয় পিআরএল-এ গমন করায় এবং অন্যান্য কারণে ০৪/০৭/০২২ তারিখ কমিটি পুনগঠন করা হয়। এই কমিটিতে যুগ্মসচিব (প্রশাসন) মহোদয়কে আহবায়ক এবং অতিরিক্ত মহাপরিচালক (অপারেশন) এর পরিবর্তে যুগ্ম-মহাপরিচালক (অপারেশন)-কে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। ইতোমধ্যে, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়ের সচিব মহোদয় ১৪/০৬/২০২২ তারিখে আধা-সরকারি পত্রের মাধ্যমে বাংলাদেশ পর্যটন করপোরেশনকে বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮ নং এক্সপ্রেস ট্রেনে (সোনার বাংলা)-এ পূর্বের ন্যায় টিকিটের সাথে ক্যাটারিং সার্ভিস পরিচালনার সুযোগ প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান।

২.৩ বাংলাদেশ রেলওয়ের যুগ্ম-মহাপরিচালক (অপারেশন) জানান যে, ২০/০৯/২০২০ তারিখ 'বাংলাদেশ রেলওয়ের ট্রেনে ক্যাটারিং সার্ভিসে নিয়োগ ও ব্যবস্থাপনা নীতিমালা ২০২০' জারি হয়েছে। উক্ত নীতিমালার ২ নং অনুচ্ছেদে ক্যাটারিং প্রতিষ্ঠান নিয়োগ এবং চুক্তি ব্যবস্থাপনা বিষয়াদি উল্লেখ রয়েছে। ২.১ অনুচ্ছেদে বলা হয়েছে "সরকারি মালিকানাধীন প্রতিষ্ঠান হতে সেবা ক্রয়ের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ ও পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করতে হবে"। বাংলাদেশ রেলওয়ের ট্রেনসমূহে উন্মুক্ত দরপত্রের মাধ্যমে ক্যাটারিং সার্ভিস প্রতিষ্ঠানকে নিয়োগ প্রদান করা হয়। সুবর্ণ এক্সপ্রেস ট্রেনে বার্ষিক ৮ লক্ষ টাকায় ক্যাটারিং সার্ভিস প্রতিষ্ঠান নিয়োগ করায় একই ক্যাটাগরির সোনারবাংলা এক্সপ্রেসে কম মূল্যে লীজ দেয়ায় অডিট আপত্তি হয়েছে এবং বিষয়টি অগ্রিম অনুচ্ছেদে উন্নীত হয়েছে। তিনি জানান, বাংলাদেশ পর্যটন করর্পোরেশন সরকারী প্রতিষ্ঠান এবং বাংলাদেশ রেলওয়েও সরকারী প্রতিষ্ঠান। বাংলাদেশ পর্যটন করর্পোরেশনকে বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮ নং সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনে ক্যাটারিং সার্ভিস চলমান রাখলে যাতে কোন আইনগত সমস্যা না হয় সে বিষয়টি লক্ষ্য রাখার আহবান জানান। তিনি বাংলাদেশ রেলওয়ের সিসিএম (পূর্ব)-কে কমিটিতে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ জানান। তিনি আরও জানান সহজ লি: এর সাথে চুক্তিতে টিকিটের সাথে খাবার মূল্য যোগ করে টিকিট বিক্রয়ের সংস্থান নেই তাই সহজ লি: এর প্রতিনিধিকেও পরবর্তী সভায় আমন্ত্রণ জানানো যেতে পারে।

২.৪ মহাব্যবস্থাপক, বাংলাদেশ পর্যটন করপোরেশন জানান, সভায় বিস্তারিত তথ্যাদি নিয়ে আসা সম্ভব হয়নি। পরবর্তীতে সংশ্লিষ্ট বিষয়গুলোর তথ্যাদি লিখিত আকারে পাঠিয়ে দেবেন মর্মে অভিমত প্রকাশ করেন। তিনি বলেন ঢাকা রেলওয়ে স্টেশনের কমলাপুরে তাদেরকে একটি জায়গা দিলে তারা আরো টাটকা খাবার পরিবেশন করতে পারবেন। তিনি বলেন কত প্যাকেট খাবার প্রয়োজন তা আগে থেকে জানা না থাকলে সমস্যা হয় এবং খাবার বিক্রি না হলে তার জন্য সংশ্লিষ্টদের থেকে অর্থ আদায় করা হয়ে থাকে। পূর্বে ১৯৫/- টাকায় যে খাবার সরবরাহ করা হতো বর্তমানে সে দামে খাবার সরবরাহ করা সম্ভব নয় তাই কিছু আইটেম কম দিয়ে রেট ঠিক রাখার বিষয়ে সভাকে জানান।

(পরবর্তী পৃষ্ঠায় দ্রষ্টব্য)

২.৫ যুগ্মসচিব (প্রশাসন-২) সভায় জানান বিভিন্ন দেশে বিমানের মত রেলে ট্রলিতে করে খাবার পরিবেশন করা হয়ে থাকে। ট্রলিতে খাবার পরিবহনের বিষয়টি সোনার বাংলা ট্রেনে চালুকরা যায় কি-না তা যাচাই করা প্রয়োজন।

২.৬ সভাপতি বলেন, বাংলাদেশের সব জেলার জনগণের ক্রয় ক্ষমতা সমান নয়। রাজশাহীর বনলতা ট্রেনে টিকিটের সাথে খাবারের মূল্য যোগ করায় যাত্রীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা দেয়। ফলে রেলপথ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় ট্রেনের টিকিটের সাথে খাবারের মূল্য বাধ্যতামূলকভাবে যোগ না করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি বলেন, পর্যটন কর্তৃপক্ষকে খাদ্যের মূল্য সহনীয় রাখতে হবে। খাদ্যের মূল্য তালিকা প্রকাশ করতে হবে। যে সকল যাত্রী টিকিটের সাথে খাবার অর্ডার করবেন না এমন যাত্রীসাধারণের জন্য অতিরিক্ত ফুড আইটেম গাড়িতে রাখতে হবে। সোনার বাংলা ট্রেনে ক্যাটারিং সার্ভিস চালুর বিষয়টি দ্রুত নিষ্পত্তি হওয়া প্রয়োজন। আগামী ১৪ আগস্টের মধ্যে সচিব মহোদয়ের বরাবরে সুপারিশ দাখিল করতে হবে। তিনি এবিষয়ে পূর্ণাঙ্গ প্রস্তাব দাখিলের জন্য পর্যটন করপোরেশনকে অনুরোধ করেন।

০৩। বিস্তারিত অলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| নং | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ৩.১ | (ক) বাধ্যতামূলকভাবে যাত্রীদের টিকিটের সাথে খাবারের মূল্য সংযোজন করা যাবে না। শুধুমাত্র যে সকল যাত্রী খাবার গ্রহণে আগ্রহী তাঁদের টিকিটের সাথে খাদ্যমূল্য যোগ করে টিকিটের মূল্য গ্রহণ করা যেতে পারে; এবং<br><br>(খ) বাংলাদেশ পর্যটন করপোরেশনকে ট্রেনে যাত্রীদের চাহিদার অতিরিক্ত খাবার সরবরাহের ব্যবস্থা রাখতে হবে। | বাংলাদেশ পর্যটন করপোরেশন |
| ৩.২ | বাংলাদেশ পর্যটন করপোরেশন আগামী ১ (এক) সপ্তাহের মধ্যে নিম্নবর্ণিত তথ্যাদি রেলপথ মন্ত্রণালয়ে প্রেরণ করবে:<br><br>(ক) আইটেম এবং আইটেম অনুযায়ী খাবারের মূল্য তালিকা;<br>(খ) সুবর্ণ এক্সপ্রেস ট্রেনের ন্যায় সোনার বাংলা এক্সপ্রেস ট্রেনের লাইসেন্স ফি ৫ লক্ষ টাকা থেকে ৮ লক্ষ টাকা করার বিষয়ে মতামত;<br>(গ) খাবারের ভ্যাট ও আইটি পরিশোধের বিষয়ে মতামত; এবং<br>(ঘ) সোনারবাংলা এক্সপ্রেসে ক্যাটারিং সার্ভিস প্রদান সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রস্তাব দাখিল করতে হবে। | বাংলাদেশ পর্যটন করপোরেশন |
| ৩.৩ | কমিটিতে সদস্য হিসেবে চীফ কমার্শিয়াল ম্যানেজার (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রামকে সদস্য হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। | উপসচিব (প্রশাসন-৬) রেলপথ মন্ত্রণালয় |
| ৩.৪ | বাংলাদেশ রেলওয়ে কর্তৃক পর্যটন করপোরেশনকে খাবারের বিল কীভাবে পরিশোধ করা হবে সে বিষয়ে আগামী সভার পূর্বে বাংলাদেশ রেলওয়ের সুস্পষ্ট মতামত প্রেরণ করবে। | যুগ্ম-মহাপরিচালক (অর্থ) বাংলাদেশ রেলওয়ে |
| ৩.৫ | কমিটি আর একটি সভা করে বিষয়টি চূড়ান্ত করবে এবং আগামী ১৪ আগস্ট ২০২২ তারিখের মধ্যে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করবে। | কমিটির সদস্যবৃন্দ |
| ৩.৬ | আগামী সভায় অনলাইন সেবাদানকারী প্রতিষ্ঠান 'সহজ লি:' এর একজন প্রতিনিধিকে উপস্থিত থাকার জন্য অনুরোধ করে পত্র প্রেরণ করতে হবে। | উপসচিব (প্রশাসন-৬) রেলপথ মন্ত্রণালয় |

০৪। অতঃপর সভায় আর কোন আলোচ্যসূচি না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত/-
১৮/০৭/২০২২

(জালাল উদ্দিন আহম্মেদ)
যুগ্ম-সচিব (প্রশাসন)
রেলপথ মন্ত্রণালয়।

F:\Operation Section 6\54.00.0000.007.18.016.19.doc

নম্বর-৫৪.০০.০০০০.০৪১.১৮.০১৬.১৯ (অংশ-১)-১৯৮

তারিখ: ০৪ শ্রাবণ ১৪২৯ / ১৯ জুলাই ২০২২

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃ:আ: জনাব আবু ছালেহ মো: মুসা জঙ্গী, উপসচিব)।

০২। মহাপরিচালক, বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

০৩। চেয়ারম্যান, বাংলাদেশ ট্যুরিজম বোর্ড, পর্যটন ভবন, ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও, ঢাকা-১২০৭ [দৃ:আ: মোছা: হাজেরা খাতুন, উপপরিচালক (যুগ্মসচিব)]।

০৪। চেয়ারম্যান, বাংলাদেশ পর্যটন কর্পোরেশন, ই-৫ সি/১, পশ্চিম আগারগাঁও, ঢাকা-১২০৭ (দৃ: আ: শাহ্ মোহাম্মদ মিজানুর রহমান, মহাব্যবস্থাপক)।

০৫। যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

০৬। যুগ্মসচিব (প্রশাসন-২), রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

০৭। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।

০৮। সচিবের মহোদয়ের একান্ত সচিব, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা।
যুগ্ম-মহাপরিচালক (অপারেশন), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

০৯। যুগ্ম-মহাপরিচালক (অর্থ), বাংলাদেশ রেলওয়ে, রেলভবন, ঢাকা।

১০। সিসিএম (পূর্ব), বাংলাদেশ রেলওয়ে, চট্টগ্রাম।

১১। সিনিয়র সিস্টেম এনালিস্ট, রেলপথ মন্ত্রণালয়, রেলভবন, ঢাকা (সভার কার্যবিবরণীটি মন্ত্রণালয়ের ওয়েবসাইটে আপলোডের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।

১৯.০৭.২২

(আলমগীর হুসাইন)
উপসচিব
☎ +৮৮০২৪১০৫০২৪৪
admin6@mor.gov.bd

F:\Operation Section 6654.00.0000.007.18.016.19.doc

পরিশিষ্ট-ক

**সভার বিষয়** : ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে চলাচলকারী বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮নং এক্সপ্রেস ট্রেনে (সোনার বাংলা)-এ বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) কর্তৃক ক্যাটারিং সার্ভিস চলমান রাখার বিষয়ে অনুষ্ঠিতব্য সভা

**সভার সভাপতি** : যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।

**সভার তারিখ, সময় ও স্থান** : ১৭ জুলাই, ২০২২; সকাল ১১:০০ ঘটিকায়; সভাকক্ষ-৯৩০, রেলভবন।

**সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:**

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | আ.ন.ম আশরাফুল আলম<br>যুগ্মসচিব (প্রশাসন-২) | 01715004645 | [signature] ১৭/৭/২২ |
| ০২। | এ এম সালাহ উদ্দিন<br>কো.চিফ (কেটা:)<br>বি. রেল। | 01711506118 | [signature] 17.07.2022 |
| ০৩। | আনোয়ার হোসেন<br>উপসচিব, রেলপথ মন্ত্রণালয় | 01312345915 | [signature] 17.7.22 |
| ০৪। | | | |
| ০৫। | | | |
| ০৬। | | | |
| ০৭। | | | |

পরিশিষ্ট-ক

সভার বিষয় ঃ ঢাকা-চট্টগ্রাম-ঢাকা রুটে চলাচলকারী বাংলাদেশ রেলওয়ের ৭৮৭/৭৮৮নং এক্সপ্রেস ট্রেনে (সোনার বাংলা)-এ বাংলাদেশ পর্যটন করপোরেশন (বাপক) কর্তৃক ক্যাটারিং সার্ভিস চলমান রাখার বিষয়ে অনুষ্ঠিতব্য সভা

সভার সভাপতি ঃ যুগ্মসচিব (প্রশাসন), রেলপথ মন্ত্রণালয়।

সভার তারিখ, সময় ও স্থান ঃ ১৭ জুলাই, ২০২২; সকাল ১১:০০ ঘটিকায়; সভাকক্ষ-৯৩০, রেলভবন।

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা:

| ক্রমিক | নাম, পদবি ও কর্মস্থল | মোবাইল নম্বর | স্বাক্ষর |
|---|---|---|---|
| ০১। | | | |
| ০২। | মোছাঃ হাজেরা খাতুন<br>উপপরিচালক (যুগ্মসচিব)<br>বাংলাদেশ ট্যুরিজম বোর্ড | 01831525988 | [signature]<br>১৭/০৯/২০২২ |
| ০৩। | আবু ছালেহ মোঃ মুসা জঙ্গী<br>উপসচিব<br>বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় | 01712223871 | [signature]<br>17-07-22 |
| ০৪। | আবু [illegible] মিজানুর রহমান<br>মহাব্যবস্থাপক<br>বাংলাদেশ পর্যটন করপোরেশন | 01714277155 | [signature]<br>17-7-2022 |
| ০৫। | এ এস এম সাজ্জাদ হোসাইন<br>ইউনিট ব্যবস্থাপক<br>হোটেল অবকাশ<br>বাংলাদেশ পর্যটন করপোরেশন | 01711541279<br>hotelabakash@gmail.com | [signature]<br>১৭/৭/২০২২ |
| ০৬। | মোঃ আনোয়ার উল্লা [illegible]<br>এ ডি জি (অপস) | 01711506116 | [signature]<br>১৭/৭/২০২২ |
| ০৭। | | | |